

ধাপ 1:

NYC নির্মাণ

পুনরায় শুরু করা



NYC
Buildings

যা জানতে হবে:

আপনার প্রকল্প পুনরায়

শুরু করার বিভিন্ন ধাপ

যা জানতে হবে: আপনার প্রকল্প পুনরায় শুরু করার বিভিন্ন ধাপ

নিউ ইয়র্ক শহর এখন চালু হওয়া স্টেটের মধ্যে 1ম পর্যায়ে রয়েছে, যার অর্থ হল, সমস্ত নির্মাণের ক্ষেত্র পুনরায় খুলতে এবং কাজ শুরু করতে পারে। তবুও আপনাকে এটি নিশ্চিত করতে হবে যে আপনার নির্মাণের ক্ষেত্রে বিল্ডিং অ্যান্ড ইলেক্ট্রিক্যাল কোডসের পাশাপাশি নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব বিল্ডিংসের (DOB) সমস্ত নিয়ম এবং বিধিসমূহ অনুসরণ করছে।

কাজ পুনরায় শুরু করার আগে, আপনাকে নিম্নোক্ত কাজগুলো **অবশ্যই** করতে হবে:

- COVID-19 জনস্বাস্থ্য মহামারির সময় নির্মাণ কার্যাবলীর জন্য স্টেটের অন্তর্বর্তীকালীন নির্দেশাবলী পড়ুন**, বুঝুন এবং সেই অনুযায়ী পদক্ষেপ গ্রহণ করুন।
- এমন একটি নিরাপত্তা পরিকল্পনা **প্রস্তুত** করুন যেটি আপনার প্রতিটি কর্মক্ষেত্রের জন্য নির্দিষ্ট। সমস্ত সাবকন্ট্রাক্টর এবং তাদের কর্মীগণ সহ জেনারেল কন্ট্রাক্টর একটি পরিকল্পনা তৈরি করতে অথবা প্রত্যেক কন্ট্রাক্টর তাদের নিজস্ব পরিকল্পনা তৈরি করতে পারেন।
- আপনার কর্মক্ষেত্রে নিরাপত্তা পরিকল্পনার সমস্ত দিকগুলো **বাস্তবায়ন করুন**।
- আপনার কর্মক্ষেত্রে সবচেয়ে ভালো দৃশ্যমান জায়গা, নির্মাণ ক্ষেত্রের সমস্ত দিক থেকেই যাতে সেটি দেখা যায়, এমন জায়গায় নিরাপত্তা পরিকল্পনাটি **প্রদর্শনের ব্যবস্থা করুন**।
- স্টেটকে এটা **নিশ্চিত করা** যে স্টেটের নির্দেশনা অনুযায়ী আপনার নির্মাণের ক্ষেত্র পরিচালনার করার বিষয়টি আপনি পড়েছেন এবং আপনার দায়বদ্ধতা সম্পর্কে আপনি অবগত হয়েছেন।
- এই সম্মতি প্রদানটি **মুদ্রণ** করুন এবং নির্মাণের ক্ষেত্রে রাখুন।

পরিদর্শনের সময় DOB পরিদর্শকরা নিম্নোক্ত বিষয়গুলির উপর নজর রাখবেন:

- নির্মাণ ক্ষেত্রের জন্য নির্দিষ্ট করা **নিরাপত্তা পরিকল্পনাটি** রয়েছে এবং সেটি এমন জায়গায় প্রদর্শনের ব্যবস্থা করা হয়েছে যাতে সেটি সহজে চোখে পড়ে। এই পরিকল্পনায় স্টেটের প্রতি **সম্মতিপ্রদানের** একটি প্রতিলিপি অন্তর্ভুক্ত থাকতে হবে।
- সামাজিক দূরত্ব** বিধি মেনে চলা।
- নির্মাণের ক্ষেত্রে থাকা সকল ব্যক্তি এবং আগত ব্যক্তিগণকে তাদের কাজের জন্য যথাযথ **গ্রহণযোগ্য মুখের মাস্ক অবশ্যই পরিধান করতে হবে**। মুখ যথাযথ ঢেকে রাখার ব্যাপারে অধিকতর নির্দেশনার জন্য স্টেটের ডিপার্টমেন্ট অব হেলথ এর নির্দেশনা এবং ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জামের জন্য OSHA এর নির্দেশনা দেখুন।

- নিকটে থাকা **হাত ধোয়ার স্টেশন**, যেখানে নিম্নোক্ত জিনিস ব্যবহার করা যাবে:
 - সাবান, উষ্ণ পানি এবং ডিসপোজেবল (ব্যবহার করার পর ফেলে দেয়া যায়) পেপার টাওয়েল **অথবা**
 - যেখানে হাত ধোয়া সম্ভব নয় সেখানে অ্যালকোহল ভিত্তিক হ্যান্ড স্যানিটাইজার।
- COVID-19 সম্পর্কিত সাইনবোর্ড**, যেটি সহজে দেখে সমস্ত ব্যক্তি হাতের যথাযথ পরিচ্ছন্নতা, শারীরিক দূরত্ব বজায় রাখার নিয়মাবলী, PPE-এর সঠিক ব্যবহার এবং পরিষ্কার ও জীবাণুমুক্ত করার সকল নিয়ম মেনে চলতে পারেন।
- যথাযথভাবে সম্পন্ন এবং **হালনাগাদ করা পরিচ্ছন্ন এবং জীবাণুমুক্ত করার লগ**।
- সংকীর্ণভাবে আবদ্ধ স্থানগুলিতে** (যেমন- এলিভেটর, হস্পিট (উত্তোলক যন্ত্র)) সর্বোচ্চ 50% মানুষকে ব্যবহারের অনুমতি প্রদান।
 - ক্যাব এবং প্রতিটি ল্যান্ডিংয়ে মধ্যে 50% ধারণক্ষমতার নির্দেশনা অবশ্যই প্রদর্শনের ব্যবস্থা করতে হবে
- নির্মাণ ক্ষেত্রের কর্মী, আগত ব্যক্তি এবং গ্রাহকদের জন্য **যোগাযোগের একটি পরিকল্পনা**।
- কার্যকরী সংস্পর্শের সন্ধান সুনিশ্চিত করতে নির্মাণ ক্ষেত্রে যারা অন্যান্য ব্যক্তিদের সংস্পর্শে আসতে পারেন এরকম **প্রত্যেক ব্যক্তির** নির্ভুলভাবে সম্পন্ন এবং হালনাগাদ করা **লগ**।

নির্দেশনা যাতে মেনে চলা হয় তা নিশ্চিত করতে, নির্মাণ ক্ষেত্রে থাকা নির্মাণ পেশাদারগণকে প্রয়োজনীয় শিক্ষা প্রদানের জন্য DOB পরিদর্শকরা প্রাথমিকভাবে অনুমোদনপ্রাপ্ত নির্মাণ ক্ষেত্রগুলিতে পরিদর্শনের উপর নজর দেবেন। আইন মেনে চলা অথবা অন্যান্য নিউ ইয়র্ক স্টেট অথবা নিউ ইয়র্ক সিটির নির্দেশের মান্যতা নিশ্চিত করতে অনুমোদিত নির্মাণ ক্ষেত্রগুলোতে পরবর্তীতে পরিদর্শনের প্রত্যাশা করতে পারে। এই নির্মাণ ক্ষেত্রগুলো নিয়ম অমান্যের ক্ষেত্রে ব্যবস্থা এবং তদনুযায়ী শাস্তিসহ বাস্তবায়নের শর্তসাপেক্ষ।

অতিরিক্ত তথ্যের জন্য অনুগ্রহ করে nyc.gov/buildings দেখুন। 311 নম্বরে কল করে অথবা nyc.gov/covidtest ভিজিট করার মাধ্যমে আপনার নিকটবর্তী COVID-19 পরীক্ষা কেন্দ্রের সন্ধান করুন।